

উপ-সচিব (স্বয়ংক্রিয়)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

বাস্তবায়ন অনুবিভাগ

বাস্তবায়ন-১ শাখা

২৬/১/১১

নং-০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২০২

তারিখঃ ১১-০৯-২০১৬ খ্রি:

পরিপত্র

বিষয়ঃ জাতীয় বেতনস্কেল, ২০১৫ স্পষ্টিকরণ।

উপর্যুক্ত বিষয়ে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী অবসরোত্তর ছুটিভোগীদের বেতন নির্ধারণ, সন্তোষজনক চাকরি এবং স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্তির বিষয় নিম্নরূপভাবে স্পষ্টিকরণ করা হইলঃ

(ক) অবসরোত্তর ছুটিভোগীদের বেতন নির্ধারণ:

অবসরোত্তর ছুটি (PRL) ভোগরত কর্মচারী অবসরোত্তর ছুটিকালীন সময়ে শুধু একটি বর্ধিত বেতন (Increment) পাইবেন, যাহা কেবলমাত্র তাঁহার পেনশন নির্ধারণের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

(খ) সন্তোষজনক চাকরি এবং স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্তি:

সন্তোষজনক চাকরির ব্যাখ্যা: সন্তোষজনক চাকরি বুঝাইতে কর্মচারীদের পদোন্নতিসহ প্রযোজ্য ক্ষেত্রে যেইভাবে সন্তোষজনক চাকরি বিদ্যমান বিধিবিধান অনুসৃত হইয়া থাকে বিবেচ্য উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির ক্ষেত্রেও অনুরূপ বিধি-বিধানসহ প্রযোজ্য হইবে।

স্বয়ংক্রিয় এর ব্যাখ্যা: বিভাগীয় পদোন্নতি কমিটি (ডিপিসি) ব্যতিরেকে প্রযোজ্যক্ষেত্রে মন্ত্রণালয়ের সচিব/নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এর অনুমোদন গ্রহণপূর্বক অফিস আদেশ জারির মাধ্যমে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়টি নিষ্পত্তি করিতে হইবে।

(গ) উচ্চতর গ্রেডের প্রাপ্যতা:

(১) একই পদে কর্মরত কোন কর্মচারী দুই বা ততোধিক উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে তিনি এই অনুচ্ছেদের অধীন উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন না।

(২) একই পদে কর্মরত কোন কর্মচারী একটিমাত্র উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড পাইবার তারিখ হইতে পরবর্তী ৬(ছয়) বছর পূর্তির পর ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।

(৩) একই পদে কর্মরত কর্মচারী কোন প্রকার উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) না পাইয়া থাকিলে সন্তোষজনক চাকরির শর্তে তিনি ১০(দশ) বৎসর চাকরি পূর্তিতে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড এবং পরবর্তী ৬ বছরে পদোন্নতি না পাইলে ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।

(৪) জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৭(১) ও ৭(২) এ প্রদত্ত সুবিধা কোন ক্রমেই ১৫/১২/২০১৫ তারিখের পূর্বে প্রদান করা যাইবে না।

(মোঃ সামীম আহসান)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৫০৭৮১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

প্রশাসন-১ শাখা

চলমান পাতা/০২

২৬/০২/১১

-০২-

- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,-----মন্ত্রণালয়/বিভাগ (সকল)। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৭। জেলা প্রশাসক -----জেলা (সকল)।
- ৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, (অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
- ১১। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪১.১৬.০০১.১৬.১০০৭

তারিখঃ ২৮-০৯-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (ক্রমিক তারিখভিত্তিক নয়) :

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
- ৩। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৪। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৫। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। উপসচিব (সকল)/উপপ্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। সিং সহকারী সচিব/ সহকারী সচিব(প্রশাসন-২)/(যুব-১)/(ক্রীড়া-২)/(ক্রীড়া-১)/(সমন্বয়)/(বাজেট)/সিঃসহকারী প্রধান/সহকারী প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১২। মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
(ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৬। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৭। স্টাটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (সকল)/হিসাব রক্ষক/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল)/ডাটা এন্ট্রি অপারেটর/ ক্যাশ সরকার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১৮। অফিস সহায়ক (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

(হোসনা আফরেক্তা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৩